# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড


পরিচালকের কার্যালয়
কর্মচারী উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো।
১২-১৩ মতিঝিল, রহমান চেম্বার
(১০ম তলা), মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
ফোনঃ ৯৫৮৮৪৫৮, ৯৫৫০৯৩৭(ফ্যাক্স)।
ই-মেইল-dir.staff.bwdb@gmail.com

OFFICE OF THE DIRECTOR
DIRECTORATE OF STAFF DEVELOPMENT.
BWDB, RAHMAN CHAMBER (9TH FLOOR),
12-13 MOTIJHEEL C/A, DHAKA-1000.
PHONE: 9550937(Fax), 9588458.
e-mail: dir.staff.bwdb@ gmail.com

www.bwdb.gov.bd


স্মারক নংঃ ৪৭৭-পাউবো (কউ)/আর-২৩(দ্বাদশ খন্ড) তারিখঃ ২৮-০৪-২০১৬ খ্রিঃ।

## "দপ্তরাদেশ"

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে **এসিস্ট্যান্ট কুক** পদে নিম্নলিখিত প্রার্থীগণকে শর্তসাপেক্ষে সাময়িকভাবে নিয়োগ করতঃ নামের পার্শ্বে বর্ণিত দপ্তরে যোগদানের নির্দেশ প্রদান করা হলো। নিয়োগ প্রাপ্তগণ জাতীয় বেতন স্কেল-২০১৫ এর ২০ তম গ্রেড টাকা ৮,২৫০-২০,০১০ এবং তৎসহ সরকার কর্তৃক প্রদত্ত সুবিধাদি পাবেন।

| ক্রঃ নং | নাম | পিতা/স্বামীর নাম ও মাতার নাম | জন্ম তারিখ | স্থায়ী ঠিকানা | যে দপ্তরে কর্ম নিয়োগ করা হলো |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১ | মোঃ নাছির উদ্দিন | মোঃ নুরুল ইসলাম বেপারী<br>মোছাঃ মনোয়ারা বেগম | ০৭/০৯/১৯৮৩ | গ্রামঃ উঃ চরনারায়নপুর<br>ডাকঘরঃ পূর্ব ডামুড্যা<br>উপজেলাঃ ডামুড্যা<br>জেলাঃ শরীয়তপুর | মাদারীপুর প ও র বিভাগ, বাপাউবো, মাদারীপুর। |
| ২ | মোসাঃ রিপা আক্তার | মৃত সাইদুর রহমান<br>আমিনা বেগম | ০৯/০১/১৯৮৪ | গ্রামঃ উত্তর আশরতপুর,<br>ওয়ার্ড নং-১৩,ডাকঘরঃ<br>ক্যাডেট কলেজ,<br>উপজেলাঃ+<br>জেলাঃ রংপুর | উত্তরাঞ্চলীয় পরিমাপ বিভাগ, বাপাউবো, পাবনা। |
| ৩ | মোঃ আবু রাসেল | পিতা- মোঃ আলাউদ্দিন<br>মাতা- সানোয়ারা বেগম | ০৩/১০/১৯৮৮ | গ্রামঃ চরপানিয়া, পোঃ<br>পশ্চিমদি,<br>থানাঃ সিরাজদিখান, জেলাঃ<br>মুন্সীগঞ্জ | চাঁদপুর প ও র বিভাগ, বাপাউবো, চাঁদপুর। |
| ৪ | মোঃ মেহেদী হাসান ইমন | মোঃ সাইজুদ্দিন<br>সুরূপজান বেগম | ১৫/০৮/১৯৮৮ | গ্রামঃ চামটা<br>ডাকঘরঃ মূলজান<br>উপজেলাঃ মানিকগঞ্জ<br>জেলাঃ মানিকগঞ্জ | মেঘনা-ধনাগোদা প ও র বিভাগ, বাপাউবো, চাঁদপুর। |
| ৫ | মোঃ আব্দুর রহমান | মোঃ আব্দুল হামিদ<br>মোছাঃ সুলতানা বেগম | ০৯/১১/১৯৮২ | গ্রামঃ ফরক্কাবাদ<br>ডাকঘরঃ ফরক্কাবাদ<br>উপজেলাঃ বিরল<br>জেলাঃ দিনাজপুর | ঝিনাইদহ প ও র বিভাগ, বাপাউবো, ঝিনাইদহ। |
| ৬ | মোঃ আইজুল ইসলাম | মোঃ এবাদ আলী মন্ডল<br>মোছাঃ রেজিয়া খাতুন | ১৫/০৯/১৯৯১ | গ্রামঃ উত্তর বাঁশহাটা<br>ডাকঘরঃ এম এ কলেজ<br>উপজেলাঃ সোনাতলা<br>জেলাঃ বগুড়া | খুলনা প ও র বিভাগ-১, বাপাউবো, খুলনা। |
| ৭ | সাহাদাত হোসেন | পিতা- আমির আলী<br>মাতা- সান্তনা | ২৩/০৮/১৯৯২ | গ্রামঃ ১৭ রশি,<br>পোঃ+উপজেলাঃ সদরপুর,<br>জেলাঃ ফরিদপুর | খুলনা প ও র বিভাগ, বাপাউবো, খুলনা। |
| ৮ | মাসুমা আক্তার | আঃ রাজ্জাক<br>মিনা খাতুন | ২০/০৪/১৯৮৪ | গ্রামঃ ইছাপুর<br>ডাকঘরঃ ইছাপুর<br>উপজেলাঃ কালিহাতী<br>জেলাঃ টাঙ্গাইল | বাহ্মণবাড়িয়া পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, ব্রাহ্মণবাড়িয়া। |
| ৯ | মোঃ আবুল কাশেম | মোঃ দেলোয়ার হোসেন<br>রহিমা খাতুন | ০১/০১/১৯৮৮ | ৪৯/৩ দক্ষিণগাঁও, রোড-২,<br>বাসাবো,<br>থানা- সবুজবাগ, ঢাকা-<br>১২১৪ | চট্টগ্রাম প ও র বিভাগ-২, বাপাউবো, চট্টগ্রাম। |

| ক্রঃ নং | নাম | পিতা/স্বামীর নাম ও মাতার নাম | জন্ম তারিখ | স্থায়ী ঠিকানা | যে দপ্তরে কর্ম নিয়োগ করা হলো |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১০ | মোঃ সিদ্দিক আলী | পিতা- মোঃ আলী হোসেন<br>মাতা- সার বানু | ০১/০১/১৯৮৬ | গ্রামঃ তুঙ্গেশ্বর, পোঃ তুঙ্গেশ্বর,<br>থানাঃ বাহুবল, জেলা- হবিগঞ্জ। | সিলেট প ও র বিভাগ, বাপাউবো, সিলেট। |
| ১১ | মোঃ আবু সাইদ কিলোন | মৃত আলাউদ্দিন প্রাঃ<br>মোমেনা বেগম | ১৭/০৮/১৯৮৫ | গ্রামঃ পার নওগাঁ<br>ডাকঘরঃ সরদার পাড়া<br>উপজেলাঃ নওগাঁ<br>জেলাঃ নওগাঁ | কুষ্টিয়া প ও র বিভাগ, বাপাউবো, কুষ্টিয়া। |
| ১২ | সেলিনা আক্তার | ইসাহাক খান<br>আনোয়ারা বেগম | ১০/০৫/১৯৯৩ | গ্রামঃ চর শালেপুর পশ্চিম<br>ডাকঘরঃ চর হাজীগঞ্জ<br>উপজেলাঃ চর ভদ্রাসন<br>জেলাঃ ফরিদপুর | রাজবাড়ী প ও র বিভাগ, বাপাউবো, রাজবাড়ী। |
| ১৩ | মোঃ খায়রুল ইসলাম | পিতাঃ মৃত মজিবর রহমান<br>মাতা- আছমা খাতুন | ২৪/০২/১৯৯৩ | গ্রাম+পোঃ খাগা,<br>থানা+ জেলাঃ সিরাজগঞ্জ | চুয়াডাঙ্গা প ও র বিভাগ, বাপাউবো, চুয়াডাঙ্গা। |
| ১৪ | মোঃ জাকির আলম খান | পিতা- মোঃ সাজেদুল হক খান<br>মাতা- মোছাঃ জাহানারা বেগম | ২৮/০১/১৯৯১ | গ্রামঃ বালিয়ান, ডাকঘরঃ মোহাম্মদ নগর, উপজেলাঃ ফুলবাড়িয়া,<br>জেলাঃ ময়মনসিংহ | সুনামগঞ্জ প ও র বিভাগ, বাপাউবো, সুনামগঞ্জ। |

০২। **নিয়োগের শর্তাবলী ঃ**

(ক) নিয়োগ প্রাপ্তগণের চাকুরী বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা/কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এবং সময় সময় বাংলাদেশ সরকার এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সংশ্লিষ্ট আদেশাদি দ্বারা নিয়ন্ত্রিত হবে।

(খ) চাকুরীতে যোগদানের সময় নিয়োগ প্রাপ্তগণকে বোর্ডের নির্ধারিত ফরমে স্থাবর ও অস্থাবর সম্পত্তির বিবরণ, নির্ধারিত পুলিশ ভেরিফিকেশন ফরম পূরণ করতঃ এবং জেলা সিভিল সার্জন অথবা বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মেডিক্যাল অফিসারের নিকট হতে শারীরিক সুস্থতার স্বপক্ষে প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

(গ) পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক পাওয়া না গেলে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগাদেশ বাতিল বলে গণ্য হবে।

(ঘ) নিয়োগ প্রাপ্ত প্রত্যেকে ০১(এক) বৎসরের জন্য শিক্ষানবীশ হিসাবে কর্মরত থাকবেন। সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট ও সংশ্লিষ্ট দপ্তর প্রধান কর্তৃক সন্তোষজনক কার্য সম্পাদন প্রতিবেদন এবং অন্যান্য শর্ত প্রতিপালন সাপেক্ষে শিক্ষানবীশকাল সম্পন্ন করার পর স্ব স্ব যোগদানের তারিখ হতে চাকুরী স্থায়ীকরণের জন্য বিবেচিত হবেন। **চাকুরী স্থায়ীকরণ না হওয়া পর্যন্ত বাৎসরিক বেতন বৃদ্ধি হবে না।**

(ঙ) নিয়োগ প্রাপ্ত প্রার্থীর নাম মেধাভিত্তিক জ্যেষ্ঠতার ক্রমিক অনুসারে প্রদত্ত হলো। নিয়োগ আদেশ জারীর তারিখ হতে ২১(একুশ) দিনের মধ্যে চাকুরীতে যোগদান করলে মেধাভিত্তিক জ্যেষ্ঠতা বলবৎ থাকবে। উক্ত সময়ের মধ্যে যোগদানে ব্যর্থ হলে নিয়োগাদেশ জারীর তারিখ হতে সর্বোচ্চ ৩০(ত্রিশ) দিনের মধ্যে যোগদান করতে পারবেন। তবে সে ক্ষেত্রে যোগদানের তারিখ হতে জ্যেষ্ঠতা নির্ধারিত হবে। নিয়োগাদেশ জারীর উল্লিখিত ৩০(ত্রিশ) দিনের মধ্যে যোগদানে ব্যর্থ হলে নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

(চ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্রকন্যা অথবা মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্রকন্যার পুত্রকন্যা কোটায় নিয়োগপ্রাপ্ত প্রার্থী (নিয়োগাদেশের ক্রমিক নং- ৭) কর্তৃক দাখিলকৃত মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার মুক্তিযোদ্ধা সংক্রান্ত সনদের সত্যতা যাচাইয়ান্তে কারো সংশ্লিষ্ট সনদ সঠিক বিবেচিত না হলে তার/তাদের নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে এবং তার/তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

(ছ) আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্যদের কোটায় নিয়োগপ্রাপ্ত (নিয়োগাদেশের ক্রমিক নং- ৪ ও ৬) এর সংশ্লিষ্ট কোটা সংক্রান্ত সনদের সত্যতা যাচাইয়ান্তে সংশ্লিষ্ট সনদ সঠিক বিবেচিত না হলে তার/তাদের নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে এবং তার/তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

(জ) নিয়োগ প্রাপ্তগণ কর্তৃক আবেদনে উল্লিখিত সঠিক জন্ম তারিখই স্ব-স্ব অবসরের বয়স নির্ধারণ করবে।

(ঝ) নিয়োগ প্রাপ্তগণের নামের পার্শ্বে বর্ণিত দপ্তরে যোগদান পত্র দাখিল করবেন। চাকুরীতে যোগদান করার জন্য কোন প্রকার ভ্রমণ ভাতা/ দৈনিক ভাতা বা অন্য কোন প্রকার আর্থিক সুবিধা প্রদান করা হবে না।

(ঞ) অন্য কোন সংস্থায় চাকুরীরত প্রার্থীর অত্র সংস্থায় যোগদানের পূর্বে কর্মরত সংস্থা হতে ছাড়পত্র গ্রহণ করা বাধ্যতামূলক। যোগদান পত্রের সাথে অবশ্যই উক্ত ছাড়পত্র দাখিল করবেন।

(ট) শিক্ষানবীশ সময়ে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকলে অনুপস্থিতির দিন হতে কোনপ্রকার নোটিশ প্রদান ব্যতিরেকে চাকুরীচ্যূত হিসাবে গণ্য করা হবে এবং পদটি শূন্য বলে বিবেচিত হবে।

(ঠ) রীট-পিটিশন নং ১০৫৭৩/২০১৫ এর প্রেক্ষিতে মহামান্য হাইকোর্টের ১৪/০৩/২০১৬ খ্রিঃ তারিখের নির্দেশনা মোতাবেক ১ টি পদ সংরক্ষণ করা হলো।

০৩। **বাপাউবো'র মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।**

২৮/৪/২০১৬

**(ফজলুর রশিদ)**
পরিচালক

**স্মারক নংঃ ৪৭৭/১(১০০)-পাউবো (কউ)/আর-২৩(দ্বাদশ খন্ড)** **তারিখঃ ২৮-০৪-২০১৬ খ্রিঃ।**

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ**

১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

**অনুলিপি সদয় অবগতির/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ**

১। প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী, .. .. .. .. .. .. .. .. .. .. .. ... .. .. .. .. .বাপাউবো, .. .. .. .. .. .. ।
২। প্রধান/নিয়ন্ত্রক .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. . বাপাউবো, .. .. .. .. .. .. ।
৩। সচিব, বাপাউবো, ঢাকা।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক/পরিচালক/অধ্যক্ষ, .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. বাপাউবো, .. .. .. ।
৫। নির্বাহী প্রকৌশলী, .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. . বাপাউবো, .. .. .. .. .. .. .. ।
৬। মহাপরিচালক মহোদয়ের চীফ স্টাফ অফিসার, বাপাউবো, ঢাকা।
৭। উপ-পরিচালক/হিসাব রক্ষণ কর্মকর্তা, .. .. .. .. .. .. .. .. .. আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, .. .. . .. .. .. .. ।
৮। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পরিকল্পনা/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/অর্থ), বাপাউবো, ঢাকা।
৯। মাস্টার কপি/নথির কপি।
১০। রেজিষ্টার্ড উইথ এডি টু,
জনাব .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. ।

২৮/০৪/১৬

**(কামরুজ্জামান খান)**
নির্বাহী প্রকৌশলী
কর্মচারী উন্নয়ন পরিদপ্তর,
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।